

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৯৪৭৪

তারিখ: ১০ মে ২০২৩ খ্রিস্টাব্দ
২৭ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়: অর্ধ-বার্ষিক/ প্রাক-নির্বাচনি/সামষ্টিক মূল্যায়ন/Formative Assessment - ২০২৩ প্রসঙ্গে।

শিশু শ্রেণি হতে ১০ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে,

- ১। ২য় থেকে ৫ম এবং ৮ম ও ৯ম শ্রেণির অর্ধ-বার্ষিক এবং ১০ম শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা ০১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ বৃহস্পতিবার থেকে শুরু হবে। পরীক্ষার সিলেবাস নির্ধারিত সময়ে সম্পন্ন করার জন্য বিষয়শিক্ষকগণকে অনুরোধ করা হলো। পরীক্ষার সময়সূচি ও আসনবিন্যাস যথাসময়ে শিক্ষার্থীদেরকে জানিয়ে দেওয়া হবে।
- ২। শিশু ও ১ম শ্রেণির Formative Assessment এবং ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির সামষ্টিক মূল্যায়নের প্রক্রিয়া বিজ্ঞপ্তির মাধ্যমে পরে জানানো হবে।
- ৩। অর্ধবার্ষিক পরীক্ষা পূর্ব অভিভাবক সভা ১৩/০৫/২০২৩ শনিবারের পরিবর্তে আগামী ১৪/০৫/২০২৩ তারিখ রবিবার নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

শ্রেণি	সময়
৩য় - ১০ম	সকাল ১০:০০ - ১১:০০
শিশু - ২য়	দুপুর ১২:০০ - ০১:০০

উক্ত অভিভাবক সভার দিন বিদ্যালয়ের সকল শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। তবে ১০ম শ্রেণির বিশেষ অনুশীলন সকাল ৮:০০ থেকে ৯:২০ পর্যন্ত যথারীতি চলবে।

- ৪। সকল শিক্ষার্থীকে জুন, ২০২৩ পর্যন্ত বিদ্যালয়ের বেতন, পরীক্ষার ফি ও অন্যান্য ফি (যদি বকেয়া থাকে) আগামী ২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ বৃহস্পতিবারের মধ্যে অনলাইনে সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করে নিজ নিজ শ্রেণিশিক্ষকের কাছ থেকে প্রবেশপত্র গ্রহণ করার জন্য বলা হলো।

[বি:দ্র: সকল শিক্ষার্থীকে অর্ধবার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষার জন্য যথাযথভাবে প্রস্তুতি গ্রহণের জন্য বলা হলো।]

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ